লাইন স্পেসিং পরিবর্তন করা– এমএস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৮

tutorial.hamimit.com/লাইন-স্পেসিং-পরিবর্তন

লাইন স্পেসিং পরিবর্তন করাহলো ডকুমেন্টের টেক্সটসমূহের লাইনের মধ্যবর্তী দূরত্ব পরিবর্তন করা।

ডকুমেন্টে ফরমেটিং করার জন্য এই দূরত্ব বাড়ানো এবং কমানো প্রয়োজন হয়ে থাকে।

এ অধ্যায়ে ডকুমেন্টের লাইনসমূহের মধ্যকার দূরত্ব কিভাবে পরিবর্তন করবেন সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।


লাইনের মধ্যেকার স্পেস (দূরত্ব) পরিবর্তন করা [Spacing between Lines]

খুব সহজেই এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টের লাইনসমূহের মধ্যে দূরত্ব নির্ধারণ করা যায়।

লাইনের মধ্যেকার স্পেস দেয়ার জন্য নিচের পদ্ধতির যে কোন একটি অনুসরণ করুন।

পদ্ধতি ১:


- ডকুমেন্টের প্রয়োজনীয় লাইন কিংবা প্যারাগ্রাফ সিলেক্ট করুন।
- এবারে **Home** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের **Line and Paragraph Spacing** এর ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করে প্রয়োজনীয় অপশনের উপর ক্লিক করুন।



লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টেড টেক্সটসমূহের লাইনের দূরত্ব বৃদ্ধি হয়েছে। এক্ষেত্রে আমরা লাইন স্পেসিং হিসেবে **1.5** ব্যবহার করেছি।

পদ্ধতি ২:

- ডকুমেন্টের প্রয়োজনীয় লাইন কিংবা প্যারাগ্রাফ সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের ডানের ছোট এ্যারো ক্লিক করুন।
- প্রদর্শিত **Paragraph** ডায়ালগ বক্সের **Line Spacing** এর নিচের ঘরের ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করে প্রয়োজনীয় অপশনের উপর ক্লিক করে **Ok** ক্লিক করুন।




লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টেড টেক্সটসমূহের লাইনের দূরত্ব বৃদ্ধি হয়েছে। এক্ষেত্রে আমরা লাইন স্পেসিং হিসেবে **1.5** ব্যবহার করেছি।

লাইন কিংবা প্যারাগ্রাফের উপরে/নিচের স্পেস (দূরত্ব) পরিবর্তন করা [Change Spacing before Lines/Paragraph]


এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টের লাইনসমূহ কিংবা প্যারাগ্রাফের ওপনে/নিচে দূরত্ব নির্ধারণ করা যায়। এজন্য নিচের পদ্ধতির যে কোন একটি অনুসরণ করুন।

পদ্ধতি ১:

- ডকুমেন্টের প্রয়োজনীয় লাইন কিংবা প্যারাগ্রাফ সিলেক্ট করুন।
- এবারে লাইন/প্যারাগ্রাফের উপরে স্পেস দিতে চাইলে **Layout** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের **Before** এর ডানের ঘরে ভেল্যু নির্ধারণ করুন।




এবং লাইন/প্যারাগ্রাফের নিচে স্পেস দিতে চাইলে **Layout** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের **After** এর ডানের ঘরে ভেল্যু নির্ধারণ করুন।



পদ্ধতি ২:

- ডকুমেন্টের প্রয়োজনীয় লাইন কিংবা প্যারাগ্রাফ সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের ডানের ছোট এ্যারো ক্লিক করুন।
- প্রদর্শিত **Paragraph** ডায়ালগ বক্সের **Spacing** এর নিচের **Before** এবং **After** ঘরে প্রয়োজনীয় ভেল্যু টাইপ করুন। আপ/ডাউন এ্যারো ক্লিক করে প্রয়োজনীয় ভেল্যু নির্ধারণ করা যাবে।



লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টেড লাইন/প্যারাগ্রাফের উপরে ও নিচে দূরত্ব বৃদ্ধি হয়েছে।

লাইন স্পেসিং পরিবর্তন করা (কীবোর্ড সর্টকাট)

প্রয়োজনীয় লাইন/প্যারাগ্রাফ সিলেক্ট করুন। নিচের কীবোর্ড সর্টকাটসমূহ প্রয়োগ করে ফলাফল লক্ষ্য করুন।

- সিঙ্গেল স্পেসিং দেয়ার জন্য — **Ctrl+1**
- ১.৫ স্পেসিং দেয়ার জন্য — **Ctrl+5**
- ডাবল স্পেসিং দেয়ার জন্য — **Ctrl+2**

টেক্সট এলাইনমেন্ট – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৭ দেখতে এখানে ক্লিক করুন।

বুলেট এবং নাম্বারিং দেয়া – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৯ দেখতে এখানে ক্লিক করুন।

লাইন স্পেসিং পরিবর্তন করা বিভিন্ন কমাণ্ড নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **কিভাবে বুলেট এবং নাম্বারিং [Bullet & Numbering] কমান্ড ব্যবহার করবেন** সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।

টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।